



রপ্তানি উন্নয়ন ব্যুরো EXPORT PROMOTION BUREAU



নং-২৬.০২.০০০০.০০৬.৬৭.৫০৭.১৩- ২৬৩৭

তারিখ: ২৬-১১-২০১৭ খ্রিঃ

বিষয়ঃ সময়াবদ্ধ সাধারণ কার্যপ্রণালী তালিকা প্রেরণ।

সূত্র: বাণিজ্য মন্ত্রণালয়ের ২০-১১-২০১৭ তারিখের ২৬.০০.০০০০.০৯৫.০৪.০০৫.১৬-১৬৭ নং স্মারক মূলে সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ইপিবি একটি বিশেষায়িত সংস্থা যা কেবলমাত্র রপ্তানি বাণিজ্যে নিয়োজিত ব্যবসায়ীদেরকে প্রতিষ্ঠানিক সহায়তা প্রদান করে থাকে। ফলে সাধারণ নাগরিকদের সাথে ব্যুরোর যোগাযোগ খুবই সীমিত। ব্যুরো সাধারণত মন্ত্রণালয়কে সিদ্ধান্ত গ্রহণে সাহায্যে করার জন্য নানা ধরনের Input প্রদান করে থাকে।

০২। এছাড়া ব্যবসায়ীদের নিম্নের ০২টি সেবা প্রদান করে থাকেঃ

| ক্রম | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | প্রয়োজনীয় কাগজপত্র এবং প্রাপ্তিস্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | মন্তব্য |
|------|--|--|--|---|---|--|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | নতুন তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিবন্ধন ও নবায়ন সংক্রান্ত সেবা | আবেদনের ডিপ্রিতে ব্যুরোর কমকর্তাদের পরিদর্শন রিপোর্ট অনুযায়ী তৈরী পোশাক রপ্তানিকারক প্রতিষ্ঠানের নিবন্ধন ও নবায়ন কার্যক্রম গ্রহণ | ট্রেড লাইসেন্স, ইআরসি, সংশ্লিষ্ট সমিতির সদস্য সনদ, বন্ডেড ওয়ারহাউজ লাইসেন্স, ফায়ার সনদ, ফায়ার ইন্স্যুরেন্স, টিআইএন, ভ্যাট নিবন্ধন, বিনিয়োগ বোর্ড/ইপিজেড কর্তৃক জারীকৃত নিবন্ধনপত্র, সংঘ স্মারক ও সংঘ বিধি (যে ক্ষেত্রে প্রযোজ্য) প্রাপ্তি স্থানঃ বস্ত্র বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো। | ক. নতুন নিবন্ধনের জন্য টাঃ ৫০০০/- খ. নিবন্ধন নবায়নের জন্য টাঃ ৩০০০/- বাৎসরিক | ১৫ (পনের) দিন | পূর্বের ৩-৫ মাস সময় লাগত। উল্লেখ্য, নতুন নিবন্ধনের ক্ষেত্রে প্রতিটি কারখানা পরিদর্শন করতে হয়। |
| ২. | সার্টিফিকেট অব অরিজিন (সিও) সাফটা, সাপটা, আপটা, এনএক্স 111 ও এসএপিটিএ ইত্যাদি ইস্যু (জিএসপি) | অটোমেশন ও আংশিক ম্যানুয়েল | ক. আবেদন খ. শিপিং বিল গ. ইএক্সপি ঘ. ইনভয়েস ঙ. বিএল ঘ. প্রাপ্তি স্থানঃ বস্ত্র বিভাগ, রপ্তানি উন্নয়ন ব্যুরো। | টাঃ ৪০০/- টাঃ ৩০০/- টাঃ ২০০/- অন-লাইনে টাঃ ৪০০/- টাঃ ৩০০/- অন-লাইনে | ১২ ঘন্টা সময়ের মধ্যে (দিনে দিনে) ২৪ ঘন্টা সময়ের মধ্যে (জমা প্রদানের পরবর্তী কার্যদিবসে); ৪৮ ঘন্টা সময়ের মধ্যে সেবা প্রদানের ক্ষেত্রে | পূর্বের ১০-১৫ দিন সময় লাগত |

০৩। ব্যুরোর বস্ত্র সেলের কার্যক্রম অটোমেশন এর আওতায় আনা হয়েছে। নন-টেক্সটাইল পণ্যের সনদ ইস্যুর কার্যক্রমও অটোমেশন এর কার্যক্রম চলমান আছে। নির্ধারিত সময়ের মধ্যেই সেবা প্রদান অব্যাহত আছে। অটোমেশন এর পূর্বে বর্ণিত সেবার ক্ষেত্রে সময় আরো বেশী প্রয়োজন হতো।

০৪। ০২ নং ক্রমিকের ৪ নং কলামে বর্ণিত দাখিলকৃত তথ্যাদি যাঁচাই এর নিমিত্ত EPB'র ট্রেন্স তথ্যভান্ডারে সংযোগ ও প্রবেশাধিকার থাকলে সেবা প্রদান আরো সহজ হবে। উল্লেখ্য, বর্তমানে আবেদনকারীকে সংশ্লিষ্ট কাগজ Scan করে দাখিল করতে হয়। অর্থাৎ **One source of truth** পদ্ধতির মাধ্যমে এ কাজ সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করা হলে অধিক ফলদায়ক হবে। এর জন্য জাতীয় রাজস্ব বোর্ড, বাংলাদেশ ব্যাংকসহ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/দপ্তরের সাথে Connectivity এবং Access থাকা প্রয়োজন। সেবা ত্বরান্বিত করার ক্ষেত্রে এ বিষয়টি বিবেচনায় আনা প্রয়োজন।

০৫। মহোদয়ের সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(আবদুর রশিদ)
উপপরিচালক (প্রশাসন)

সচিব
বাণিজ্য মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ জনাব নাজমুল হক, সহকারী সচিব, প্রশাসন-৩, শাখা।
e-mail: nhoque67@gmail.com.